

General Certificate of Education Advanced Level Examination June 2011

# Bengali

# **BENG2**

Unit 2 Reading and Writing

# Insert

Text to be used when answering Section 1

Section 3 Writing Questions 3, 4, 5 and 6

### Text for use with Section 1

## ব্রিটেনে বাংলা পড়া

ব্রিটেনে বাঙালিদের বসতি স্থাপিত হয় বিশ শতকে — বেশির ভাগ বাঙালি আসেন দ্বিতীয় মহাযুদ্ধের পরে। তাই শুনলে অবিশ্বাস্য মনে হবে যে, এ দেশে বাংলা পড়ানো আরম্ভ হয়েছিলো দেড় শো বছর আগে। জ্ঞানেন্দ্রমোহন ঠাকুর লন্ডন বিশ্ববিদ্যালয়ে বাংলার অধ্যাপক নিযুক্ত হন ১৮৬০ সালে। তাঁর স্ত্রীর চিকিৎসার জন্যে সপরিবারে তিনি এ দেশে এসেছিলেন ১৮৫৯ সালে। তিনি সমগ্র এশিয়ার মধ্যে সবার আগে ব্যারিস্টার হয়েছিলেন। লন্ডনেই মারা যান তিনি। তখন থেকে বাংলা পড়ানোর কাজ অব্যাহত আছে। এখনো লন্ডন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব অরিয়েন্টাল অ্যান্ড অ্যাফ্রিকান স্টাডিজ-এ বাংলা পড়ানো হয়। প্রাথমিক বাংলা থেকে আরম্ভ করে উচ্চতের বাংলা শেখা — সব কিছুরই ব্যবস্থা আছে সেখানে।

লন্ডনে যখন বাঙালির সংখ্যা বৃদ্ধি পায়, তখন তাঁরা স্কুলে বাংলা শেখার ব্যবস্থা করার জন্যে রাজনীতিকদের কাছে দেন-দরবার করতে থাকেন। তারই ফলে ১৯৮০-এর দশকে স্কুলে বাংলা পড়ানোর ব্যবস্থা হয়েছিলো। প্রথমে যে-বাংলা পড়ানো হতো, তা দিয়ে 'ও' লেভেল করা যেতো না। ব্রিটেনে যে-বাঙালিরা বাস করেন, তাঁদের বেশির ভাগ সিলেট থেকে এসেছেন বলে, কী ধরনের বাংলা পড়ানো হবে, এ নিয়েও প্রথম দিকে বিতর্ক ছিলো। খোদ সিলেটে কী পড়ানো হয়, তারও খোঁজ-খবর নেওয়া হয়। শেষ পর্যন্ত সিদ্ধান্ত হয়, প্রামাণ্য বাংলা অর্থাৎ যে-বাংলায় বইপত্র লেখা হয়, সেই বাংলা শেখানোর। যখন দেখা গেলো, স্কুলে অনেক ছেলেমেয়েই বাংলা পড়ায় আগ্রহ দেখাচ্ছে, অনেকেই 'ও' লেভেল (পরে জিসিএসই) পরীক্ষা দিচ্ছে, তখন ১৯৯১ সাল থেকে বাংলায় 'এ' লেভেল পরীক্ষা দেওয়ারও ব্যবস্থা হলো। এখন বছরে কয়েক হাজার ছাত্রছাত্রী বাংলায় জিসিএসই এবং কয়েক শো ছাত্রছাত্রী 'এ' লেভল / 'এএস' লেভেল বাংলা পরীক্ষায় অংশ নিচ্ছে। বাংলা নিয়ে উচ্চতর গবেষণার কাজ চলছে স্কুল অব অরিয়েন্টাল অ্যান্ড অ্যাফ্রিকান স্টাডিজ-এ। অনেকে অবশ্য প্রশ্ন করেন যে, যেখানে লোকে কথা বলে ইংরেজিতে, সে দেশে বাংলা শেখার প্রয়োজন কোথায়? উত্তরটা খুব কঠিন নয়। যে-বাঙালিরা বাস করেন এ দেশে, তাঁরা অনেকে বাংলা শিখতে চান। দেশের কথা, সংস্কৃতির কথা জানতে চান। তা ছাড়া, বাংলা জানা লোকের চাহিদাও আছে। ধরা যাক, আগে স্কুলে বাংলা পড়াতেন বা দোভাষীর কাজ করতেন, বাংলাদেশ অথবা পশ্চিম বাংলা থেকে আসা লোকেরা। কিন্তু এখন নতুন করে এ রকমের লোক কমই আসছেন। অদূর ভবিষ্যতে এমন একটা সময় আসবে, যখন বাংলা পড়ানোর জন্যে যোগ্য লোক পাওয়া যাবে না। সুতরাং যাঁরা এ দেশে বাংলা শিখবেন, তাঁদেরই এই দায়িত্ব নিতে হবে। কেবল শিক্ষকতা নয়, অন্য অনেক কাজেও প্রয়োজন বাংলা-জানা লোকের। যেমন, কাউন্সিলের কাজে, বাঙালি-প্রধান এলাকার ব্যাংকে, হাসপাতালে, আদালতে। সবচেয়ে বড়ো কথা, একটা ভাষা জানার থেকে দুটি ভাষা জানা সব দিক থেকে ভালো। লেখাপড়া শেখার জন্যেও।

#### **Section 3**

নিচের যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। প্রতিটি উত্তর অন্তত ২০০ শব্দে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের জন্যে ৩০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট ৬০ মার্ক।

### **Literary Topics**

## (সাহিত্য-বিষয়ক প্রসঙ্গ)

## Topic 1 বাংলা উপন্যাস ও গল্প Bengali Fiction

#### EITHER

3 (a) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় অথবা তোমার প্রিয় অন্য কোনো ঔপন্যাসিকের একটি উপন্যাস সম্পর্কে একটি ছোটো প্রবন্ধ লেখো। এতে সংক্ষেপে এই উপন্যাসের কাহিনীর পরিচয় দাও। কোন চরিত্রটি তোমার সবচেয়ে ভালো লেগেছে? যুক্তি দিয়ে বুঝিয়ে বলো। (30 marks)

#### OR

3 (b) তোমার পড়া যে-কোনো দুটি গল্পের উল্লেখ করে এর মধ্যে কোন গল্পটি তোমার বেশি ভালো লাগে সে সম্পর্কে লেখো। কেন ভালো লাগে, তার কারণ ব্যাখ্যা করো। (30 marks)

## Topic 2

## বাংলা কবিতা ও নাটক Bengali Poetry and Drama

#### EITHER

 4 (a) উদ্ধৃতি দিয়ে নজরুল ইসলাম অথবা অন্য কোনো নাম-করা কবির একটি দেশাত্মবোধক কবিতা নিয়ে আলোচনা করো। এই কবিতাটি তোমার কেমন লাগে? যুক্তি দিয়ে আলোচনা করো।
(30 marks)

#### OR

 4 (b) 'লন্ডনী কন্যা' অথবা অন্য কোনো নাটকের কাহিনীর পরিচয় দিয়ে এ নাটক সম্পর্কে আলোচনা করো। এই নাটকের বিষয়বস্তুর সঙ্গে বাস্তব জীবনের কতোটা মিল আছে? তোমার কাছে এ নাটকটি কেমন লেগেছে, বুঝিয়ে বলো।
(30 marks)

# Non-literary Topics

## (সাহিত্য নয়, এমন বিষয়ক প্রসঙ্গ)

Topic 1

বাংলাদেশের উদ্ভব ও ব্রিটেনে বাঙালি

## The Emergence of Bangladesh and Bengalis in Britain

## EITHER

5 (a) ১৯৭১ সালে বাংলাদেশকে স্বাধীন করার জন্যে যে-মুক্তিযুদ্ধ হয়েছিলো, তার ইতিহাস লেখো। এই যুদ্ধে ভারত কিভাবে এবং কতোটা সাহায্য করেছিলো? এ বিষয়ে একটি তথ্যমূলক প্রবন্ধ লেখো। (30 marks)

## OR

5 (b) এক জরিপে বলা হয়েছে যে, ব্রিটেনের বাঙালি নারীরা বেশির ভাগই অসুখী এবং নিঃসঙ্গ বোধ করেন। তাঁরা মনে করেন, তাঁদের জীবন বৃথা। তাঁদের সামাজিক অবস্থানের বিবরণ দিয়ে তাঁদের এই মনোভাবের কারণ ব্যাখ্যা করো। (30 marks)

## Topic 2

## বাংলা সিনেমা ও গান

## Bengali Cinema and Music

## EITHER

6 (a) হুমায়ুন আহমেদ অনেকগুলো সিনেমা পরিচালনা করেছেন। অনেকগুলো উপন্যাসও লিখেছেন। ঔপন্যাসিক হিসেবে তিনি বিশেষ খ্যাতি ও জনপ্রিয়তা অর্জন করেছেন। সে তুলনায় সিনেমা পরিচালক হিসেবে তিনি কতোটা খ্যাতি ও জনপ্রিয়তা লাভ করেছেন। তোমার বক্তব্যের সপক্ষে যুক্তি দিতে হবে। (30 marks)

## OR

6 (b) রবীন্দ্রসঙ্গীত অথবা নজরুল-গীতি সম্পর্কে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো। তোমার প্রিয় রবীন্দ্রসঙ্গীত অথবা নজরুল-গীতির শিল্পী কে? তাঁর গান তোমার কেন ভালো লাগে? কারণ দেখিয়ে মন্তব্য করো। (30 marks)

## END OF QUESTIONS

Copyright © 2011 AQA and its licensors. All rights reserved.